



স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৮/ ৬৭৬৬

তারিখঃ ২৪ বৈশাখ, ১৪২৬ বঙ্গাব্দ  
০৭ মে, ২০১৯ খ্রিস্টাব্দ

### অফিস আদেশ

মাদার দরগাহ সেন্টু শাহ ফাজিল মাদরাসা, ডাকঘরঃ পাকেরহাট, উপজেলাঃ খানসামা, জেলাঃ দিনাজপুর-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ০৮.১১.২০১৮ খ্রিঃ তারিখের আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০১৯ খ্রিঃ থেকে ৩০.০৬.২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

### শর্তসমূহ :

- ১। মাদরাসায় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক গভর্নিং বডি থাকতে হবে।
- ২। ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট নিয়মিত ভিজিট করতে হবে।
- ৩। শিক্ষার্থীদের ক্লাসমুখী করে যথাসময়ে সিলেবাস সম্পন্ন করার উদ্যোগ গ্রহণ করতে হবে।
- ৪। বিভিন্ন শিক্ষামূলক বিষয়ের উপর গবেষণাধর্মী সেমিনারের আয়োজন করতে হবে।
- ৫। জাতীয় দিবসগুলোতে বিষয়ভিত্তিক আলোচনা সভা ও প্রতিযোগিতার আয়োজন করতে হবে।
- ৬। শ্রেণিকক্ষে গাইড বইয়ের ব্যবহার নিষিদ্ধ করতে হবে।
- ৭। সকল কেন্দ্রীয় পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
- ৮। সকল শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে হবে।
- ৯। মাদরাসার শিক্ষকদের পাঠদান উন্নত হতে হবে এবং শিক্ষকদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।
- ১০। অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৬ (ছয়) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

*Sultana*  
০৭.০৫.২০১৯

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

অধ্যক্ষ

মাদার দরগাহ সেন্টু শাহ ফাজিল মাদরাসা  
ডাকঘরঃ পাকেরহাট, উপজেলাঃ খানসামা, জেলাঃ দিনাজপুর।

### অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। মহাপরিচালক, মাউশি, আব্দুল গণি রোড, ঢাকা-১২১১।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৪। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৫। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সভাপতি, মাদার দরগাহ সেন্টু শাহ ফাজিল মাদরাসা, ডাকঘরঃ পাকেরহাট, উপজেলাঃ খানসামা, জেলাঃ দিনাজপুর।
- ৮। অফিস নথি।